

## ভারত সফরে শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী (অক্টোবর ৪-৬, ২০১৬)

শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মহামান্য রনিল বিক্রমসিঙেঘ ৬ অক্টোবর ২০১৬ ভারতের অর্থনৈতিক সম্মেলনের জন্য একটি প্রতিনিধি দলকে নেতৃত্ব দেবেন। ৬ অক্টোবর ২০১৬ ভারতের অর্থনৈতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী শ্রীমতি নির্মলা সীতারামণ।

সফরকালে শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী সাক্ষাৎ করবেন ভারতের রাষ্ট্রপতি মহামান্য শ্রী প্রণব মুখোপাধ্যায়ের সঙ্গে। সফরতর প্রতিনিধি দলের সম্মানার্থে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি একটি মধ্যহুভোজের আয়োজন করবেন। পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ সাক্ষাৎ করবেন শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীর সঙ্গে।

স্বরাষ্ট্রমন্ত্রী, সড়ক পরিবহন এবং জনপথ ও জাহাজ মন্ত্রী, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী এবং জাতীয় নিরাপত্তা উপদেষ্টা-সহ অন্যান্যদের সঙ্গে তিনি বৈঠক করবেন।

শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হবেন তাঁর স্ত্রী অধ্যাপিকা মেইথ্রি বিক্রমসিঙেঘ, গুরুত্বপূর্ণ মন্ত্রী এবং উর্ধ্বতন কর্মকর্তারা।

নয়াদিল্লি

অক্টোবর ০৩, ২০১৬